

বাংলাদেশ



গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

শনিবার, জুলাই ৯, ১৯৮৮

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

অর্থ মন্ত্রণালয়

জাতীয় রাজস্ব বোর্ড

(শুল্ক ও বিক্রয় কর)

আদেশ

ঢাকা, ২৫শে আষাঢ়, ১৩৯৫/৯ই জুলাই, ১৯৮৮

নং এস, আর, ও, ২০৩-আইন/৮৮/১১০৭/শুল্ক ও বিক্রয় কর।—Customs Act, 1969 (IV of 1969) এর section 21(C) এবং Sales Tax Ordinance, 1982 (XVIII of 1982) এর section 5A তে প্রদত্ত ক্ষমতাবলে জাতীয় রাজস্ব বোর্ড, উহার ৭ই জুন, ১৯৮৮ তারিখের Order No. S.R.O. 230-L/84/842/Cus বাতিলক্রমে নিম্নোক্ত শর্তাধীনে খুলনা নিউজপ্রিন্ট মিলস্ লিমিটেড কর্তৃক নিউজপ্রিন্ট উৎপাদনে ব্যবহৃত আমদানীকৃত পাল্পের উপর পরিশোধিত শুল্ক এবং প্রযোজ্য ক্ষেত্রে, বিক্রয় কর, উক্ত নিউজপ্রিন্ট স্থানীয়ভাবে বিক্রয়ের ক্ষেত্রে, টন প্রতি ১০০২.০০ টাকা হারে প্রত্যর্পনের আদেশ প্রদান করিলেনঃ—

- (১) স্থানীয় বাজারে নিউজপ্রিন্ট বিক্রয়ের ১২০ দিনের মধ্যে বিক্রয় সংক্রান্ত ক্যাশ-মেমোসহ খুলনা নিউজপ্রিন্ট মিলস্ লিমিটেডকে প্রত্যর্পণ দাবী দাখিল করিতে হইবে;
- (২) এই আদেশের অধীন প্রত্যর্পণ-সুবিধা কেবল চালনা শুল্ক ভবন, খুলনা হইতে দেওয়া যাইবে।

২। এই আদেশ ১লা অক্টোবর, ১৯৮৭ সাল হইতে কার্যকর হইবে।

মুহম্মদ মোবারক আলী মোল্লা

প্রথম সচিব (শুল্ক)।

[নথি নং ১(১২)-শুল্ক-৪/৮০]

মোঃ সিদ্দিকুর রহমান, ডেপুটি কম্পোজার, বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, ঢাকা, কর্তৃক মুদ্রিত।
খোন্দকার মাহফুজুল করিম, ডেপুটি কম্পোজার, বাংলাদেশ ফরমন্ ও প্রকাশনী অফিস, তেজগাঁও, ঢাকা
কর্তৃক প্রকাশিত।

(১১২৫৭)

মূল্য: ৩০ পয়সা